সাতক্ষীরায় বখাটের ছুরিকাাঘাতে স্কুল ছাত্রী আহত

সাতক্ষীরায় উত্ত্যক্তকারী তিন বখাটের ধারালো ক্ষুরের আঘাতে আহত হয়েছে অষ্টম শ্রেণির স্কুল ছাত্রী নুসরাত জাহান অর্পি। ধস্তাধস্তির সময় তারা তার কাছ থেকে কিছু টাকাও ছিনিয়ে নিয়ে গেছে ওই বখাটেরা।
রোববার দুপুরে এ ঘটনা ঘটে শহরের মুনজিতপুরে পুরানা হাসপাতালের ভেতরের সড়কে। এই সড়কের কর্বস্থানের কাছে এ ঘটনার পরপরই মেয়েটি চিৎকার দিলে বখাটেরা পালিয়ে যায়।

অর্পির বড় ভাই শিমুল জানান, অর্পি একটি ভ্যানে করে মুনজিতপুরের লম্বা টালি এলাকার নিজেদের বাসা থেকে সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে যাচ্ছিল। এ সময় পেছন দিক থেকে একটি মোটর সাইকেলে আসা হেলমেট পরা তিন যুবক তার ভ্যান থামিয়ে তাকে উত্ত্যক্ত করতে থাকে। তারা তাকে ভ্যান থেকে টেনে হেঁচড়ে নামানোর চেষ্টা করে। ধস্তাধস্তির এক পর্যায়ে মেয়েটি প্রতিবাদ করতেই তারা তাকে ধারালো ক্ষুর দিয়ে তিনটি আঘাত করে। তার বইয়ের ব্যাগ ছিনিয়ে নেওয়ার চেষ্টা করে। এ সময় ব্যাগে থাকা কিছু টাকাও নিয়ে নেয় তারা। এ সময় মেয়েটির চিৎকারে প্রতিবেশীরা ছুটে এলে বখাটেরা পালিয়ে যায়। তবে যাবার সময় এ কথা কাউকে জানালে তার আরও বিপদ হবে বলে হুমকি দিয়ে যায়।
শিমুল জানান বিষয়টি অভিযোগ আকারে সাতক্ষীরা থানায় জানানো হয়েছে। পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে।